প্রাণ
আশিক
চাচা চৌধুরী
ট্রক আর চোর
DB - 500
Rs. 15.00
U.S. $ 0.45
Hansaplast
FREE
8 school book
labels inside
আশিক
আশিক

ট্রাক আর চোর

ঐ লোকটা আমায় দাঁড়াতে বলছে !

DRY CLEANER
R&Co.
আরে তাবা! আমরা লোকের জিনিষপত্র হাতাই, কিন্তু তুই ওকে ঘড়িটা কেন দিয়ে দিলি?

মুঙ্গরু! আমি কখনো ভুল করি না! ঐ ঘড়িটাতে মিনি বম্ লোকানো আছে!

এই রিমোট কন্ট্রোল দিয়ে আমি ব্লাস্ট করাব! আর চাচা চৌধুরী মরে গেলে ওর ট্রাকটা নিয়ে পালিয়ে যাব!

এই আমি রিমোট টিপলাম!

যাও!

ভড়াম্!

ওরে বাবারে !

আমি কোন অচেনা লোকের থেকে কিছু নিই না ! সেজন্য ঘড়িটা তোমার দিকে ফেলে দিয়েছিলাম !

বায় !

তাবা, তুই পারলি না! এবার আমি তোকে ওটা হাতিয়ে দেখাব!

এ বাসটা ঐদিকে যাবে!
BUS

JEWELL
আমাকে তাড়াতাড়ি পৌঁছতে হবে!

ঐ তো ট্রাক... কিন্তু ঐ বুড়োটা ভেতরে যাওয়া পর্যন্ত্য আমাদের অপেক্ষা করতে হবে!

রান্না হয়ে গেছে!
বাহ... খুব ক্ষিধে পেয়েছে!

বুড়োটা ভেতরে গেছে... এই সুযোগ !

আমি বাইরের থেকে ছিটকিনি লাগিয়ে দিয়েছি !

এখন আমি অনায়াসে ট্রাক নিয়ে যেতে পারব !

এটা এগোচ্ছে না কেন ?
গড় SSS ড়!

গড় SSS ড়!

গিয়ে দেখি ট্রাকটা কেন এক চুলও নড়ছে না !

এটাকে ছেড়ে দাও, নাহলে গুলি করব !

দূর হ' মশা কোথাকার !

আ আ ss!

ট্রাকের ওপর কিছু একটা পড়ল ! কোন বাজে জিনিস হবে !
কর্পোরেশন আবর্জনার গাড়ী

দানারের ষড়যন্ত্র
আপনি আমায় একশো টাকা ধার দিতে পারেন ?

কিন্তু আমি তো তোমায় চিনি না !

যখন চিনবেন, তখন আর ধার দেবেন না !
© PRAN'S FEATURES

বিগ বাবল চোর ধরল

রঘু! ঐ বিল্ডিং-য়ের পাঁচতলায় শেঠ করোড়ীমলের ফ্ল্যাটে চুরি করতে হবে!

তুমি এখানে দাঁড়িয়ে পাহারা দাও!

আমি পাইপ বেয়ে ওপরে যাচ্ছি!

আরে... এ কী! এরা দুজনে চুরি করার ধান্ধায় রয়েছে!

কি করছ তোমরা?
!

কিছু একটা করতে হবে!
খবরদার... এগোবে না!
?
হাত ওপরে তোল!

আইডিয়া !
Big Babol FRUIT
ফচ্চাক্‌!
?
ফচ্চাক্‌!
ওহো !
হা-হা-
হা !
Big Babol
কামাল করে দিয়েছে !
ধড়াম্‌!
ফোলাব
নাকি ?

14

হা ! হা ! !

সাবু, আমি বেড়াতে যাচ্ছি !

চাচাজী, আপনি বান্টিকে একটু বাস স্টপে ছেড়ে দেবেন !
নিশ্চয়ই !

এসো, বান্টি !

SCHOOL BUS
একটু পরেই তোমার স্কুল বাস এসে যাবে !

লচছু ওস্তাদ! ঐ দেখ্, চীফ্ যে ছেলেটাকে ধরতে বলেছিল... ও হচ্ছে সে!

এস খোকা, তোমায় আমি গাড়ীতে করে স্কুলে পৌঁছে দিচ্ছি!
আমি যাব না!

SCHOOL BUS
ও স্কুল বাসেই যাবে!

দাঁড়াও... প্রথমে তোমায় যমলোকে পাঠাই!
তুমি একটা ভীতু, তুমি গুলি চালাতে পারবে না!

* চাচা চৌধুরীর মগজ কম্প্যুটারের থেকেও দ্রুত চলে !

এবার বস্ দানারকে
কি করে মুখ
দেখাব ?

খোকা !
একদম ভয়
পেও না !

STORES
TV
ঐতো আমার
স্কুল বাস !

ধন্যবাদ,
চাচাজী !

কি লচছু ! ঐ
ছেলেটাকে এনেছ ?
বস্ ! একটা বেঁটে বামন
সব গণ্ডগোল করে দিল !

ঐ ছেলেটার বদলে আমরা চার কোটি টাকা পেতাম !

বেঁটে বামনটাকে ওপরে পাঠাতে হবে !

আমায় ওকে চিনিয়ে দাও !

চাচাজী ! লোকে বলে পৃথিবী গোল... কিন্তু পৃথিবী গোল হলে আমরা সব পিছলিয়ে পড়ে যাই না কেন ? এটা কি রকম গণ্ডগোলের ব্যাপার ?
হা ! হা ! !

এটা এজন্য হয়, কারণ আমরা পৃথিবীর খুব সামান্য জায়গায় চলে-ফিরে বেড়াই ! আর পৃথিবী চাঁদ বা জুপিটার ইত্যাদি গ্রহের মতই বিশাল !

ঐ দেখ, বস্! এই লোকটাই আমাদের প্ল্যান ভণ্ডুল করে দিয়েছে!
BOOK
BANK
Shoes

ইঁদুর কোথাকার! তুই আমাদের কোটি-কোটি টাকার লোকসান করিয়েছিস!
জোর-জুলুম করে কেউ লাভ করতে পারে না!

দানারের মুখের ওপর কথা?

কুমড়ো কোথাকার! তুমি চাচাজীর সঙ্গে অভদ্রতা করেছ?

সাবু রেগে উঠলে আগ্নেয়গিরি ফেটে পড়ে!

ওরে বাবারে !

দুটো পাহাড়ের টক্কর হচ্ছে !

আমি তোকে কেটে অজস্র টুকরো করে দেব !
সর্র রাট্!

ওরে বাবা ! আমরা কনুই গেল !

ধড়াক্!
আউচ্ !

এবার আমার মার সামলা !
কড়াক্!
ওর মধ্যে সাপের জিভের মত ধার আছে !

আমার তলোয়ার !

আমি এখনো তোর মাথার খুলি উড়িয়ে দিতে পারি ! আমি হাতীর থেকেও বেশী শক্তিশালী !

তোর মৃত্যু খুব কাছে এসে গেছে !
খড়াক্!

সাবু নিজের রূপে চলে এল !
আ-আ !

তুমি খুব বেশী লাফালাফি করছ !
আ-আ-আ !

যাও !
আউ উ... !

অন্য কোন কাজ খোঁজ !

দামী নেকলেস

এই শুনছ ! আমার এই নতুন হীরের নেকলেসটা কেমন লাগছে ?
খুব সুন্দর, বিনী !

না দেখেই বলে দিলে ? খবরের কাগজে নিজের মাথা গুঁজে বসে থাকো !

তুমি কত নম্বর বাসে যাবে ?
BUS STOP
কোন বাসেই নয় ! বাড়ীতে আমার দামী নেকলেস দেখার কেউ ছিল না... তাই এখানে চলে এসেছি !
© PRAN'S FEATURES

আমাদের বাস এসে গেছে... বায় !

BUS STOP

নিজের হারটা এখানে দিয়ে দাও !
BUS STOP
?

তুমি একলা মেয়েমানুষ... কেউ তোমাকে সাহায্য করতে আসবে না !

খড়াক্ ক্!
মশা কোথাকার ! মেয়েমানুষের ওপর হাত তুলিস !

BUS STOP
ক্ষমা কর !

পালাও !

চাচাজী আমাকে তোমার সুরক্ষার জন্য পাঠিয়েছিলেন !
ধন্যবাদ, সাবু !

ঐ হারটা হাতাতেই হবে !

আমি ঐ মহিলার বাড়ীতে যাচ্ছি ! দেখো, ঐ বড় লোকটা না এসে পড়ে !

তোমার ঐ হীরের হারটা কোথায় !

ওটা আলমারীতে রেখে দিয়েছি !
আমি ওটা নিয়ে নেব !

ঠাঁয় য়!

এখন ঐ দামী হারটা আমার !
দাঁড়াও ! তুমি ওটা নিতে পারবে না !

আমি তোমায় আগে গুলি করে দেব ?
পিস্তলে যে ক'টা গুলি ছিল, তুমি তা ফায়ার করে ফেলেছ !
টিক্!

ওহো... এটা তো সত্যি খালি !
টিক্! টিক্!!

কিন্তু আমার অস্ত্র কখনও ব্যর্থ হয় না !
?

?!

আমাকে কোথায় নিয়ে যাচ্ছ ?
থানায় !

শত্রু

গোলা! আজ পেট্রোল পাম্প লুঠ করলে কেমন হয়?

ধমাকা সিং! যত দিন চাচা চৌধুরী আছে, আমরা লুঠ-তরাজ করতে পারব না!

প্রথমে রাস্তার ঐ কাঁটাটাই দূর করা যাক!

লাল পাগড়ীওয়ালাকে এখন বাড়ীতেই পাওয়া যাবে!
© PRAN'S FEATURES

তুমি এখানেই অপেক্ষা কর!

আমি ওকে শেষ করে এখুনি আসছি !

এখন আর এটার কোন প্রয়োজন নেই !

শত্রুতো মরে গেছে, ওর ছবিতে মালা লাগানো রয়েছে !

আমি ভেতরে গিয়ে ওর ছবিটাও সরিয়ে ফেলি !

ছপাক্!
আউ উ !

আমি এই জানলা দিয়ে দেখছিলাম !

আমার বাইরে গিয়ে স্টেনগান নিয়ে এসে ওকে গুলি করে দেওয়া উচিত !

কি ? আমাদের বাড়ীতে অস্ত্র নিয়ে এসেছ ?
?!

পালাও !

পরের দিন !
চাচা চৌধুরী আর সাবু যাচ্ছে !

আমি প্লেন থেকে বোমা ফেলে ওদের উড়িয়ে দিচ্ছি !

এয়ার এ্যাটাক থেকে ও বাঁচতে পারবে না !

ঐ যে দুজন !

আহ ! পাথরে ঠোকর লেগে গেল !

এটাকে রাস্তা থেকে সরিয়ে দেওয়া উচিত !

ধড়াক্ !

পুরো শরীরটাই ফ্র্যাকচার হয়ে গেছে !

চাচা চৌধুরী

দয়াবাঈ ! তুমি ফুটপাথে কেন ?

তোমার তো নিজের ভালো বাড়ী ছিল !

হ্যাঁ ! ঐ যে, কিন্তু ভাড়াটে কুকা আমাকে বের করে দিয়েছে !

আজ অবধি শুনে এসেছি, বাড়ীর মালিক ভাড়াটেকে বের করে দিয়েছে.. কিন্তু এখানে তো ব্যাপারটা উল্টো হয়ে গেছে !

দেখি, এই কুকা জিনিষটা কি ?
© PRAN'S FEATURES

কি ভাই ? তুমি বেচারা অবলাকে তাড়িয়ে দিয়েছ কেন ?
কারণ আমি বাড়ীর মালিক !

যার কাছে শক্তি আছে, সে সব কিছু করতে পারে !
সেটা কি করে ?

বাড়ীর মালিকানা শক্তিবলে নয়, আইনের বলে পাওয়া যায় !

আমি তোমাকে আমার ধাক্কায় বিধ্বস্ত করে দেব ! নিজের আইনকে ডাকো !

ধড়াক্!

ওহো! আমার মাথাটা আটকে গেছে!
তুমি যদি বাড়ী ছেড়ে দেবে বলে কথা দাও, তাহলে আমি তোমাকে বের করতে পারি!

আমি কথা দিচ্ছি!

ধড়াক্!

আমি বেরিয়ে এসেছি!

আমাকে ববুকা ভাই-এর কাছে যেতে হবে!

এবার তুমি নিশ্চিন্তে নিজের বাড়ীতে থাকতে পারো !

ভাই ! চাচা চৌধুরী আমাকে বাড়ী থেকে বের করে দিয়েছে !

আমি আমার গদা দিয়ে ওর মাথা ভেঙ্গে দেব !

চাচা চৌধুরী কোথায় ? আমি ওর মাথার খুলি ভাঙ্গতে এসেছি !

আগে ভাইপোর সঙ্গে তো দেখা করে নাও !

ভাইপো এত সাংঘাতিক হলে কাকা কি হবে ! বাপ্‌রে !

ক্যাপ বনাম
পাগড়ী

চাচাজী ! আমি কালু ক্যাপ... আমার ক্যাপটা আপনার পাগড়ীর সঙ্গে বদলাতে চাই !
কেন, ভাই !

আপনার পাগড়ীটা পুরোন হয়ে গেছে, ফেলে দিন ওটাকে !

আমার বৌ বিনিও তো পুরোন হয়ে গেছে, তাহলে কি ওকেও পাল্টে ফেলব ?

খড়াক্ ক্!
তোমার এত সাহস ?
© PRAN'S FEATURES

দেখলে ? পাগড়ীর একটা সুবিধে এই যে, মাথায় আঘাত লাগার হাত থেকে বাঁচায় !

তবুও আপনি আমার ক্যাপের সঙ্গে নিজের পাগড়ী বদলে নিন !
যেমন বলবে !

আপনি ওকে নিজের পাগড়ী দিয়ে দিলেন ?
মাত্র কিছুক্ষণের জন্য !

ভালু !
আমি এই শহরে নতুন এসেছি ! এখানে দাঙ্গা-মারামারি কেন হয় না ?
চাচা চৌধুরী এ সব হতে দেন না !

তাহলে ওকেই আগে নরকে পৌঁছনো যাক ! ওকে কি করে চেনা যাবে ?
উনি লাল পাগড়ী পরেন !

ব্যস্, ঠিক আছে !

ও বলেছিল শহরে চাচা চৌধুরীই এমন একজন লোক, যে লাল পাগড়ী পরে !

ঠাঁয়! ঠাঁয়!!
আমাকে কেন মারতে চাও ?

লাল পাগড়ীওয়ালাকে আমায় শেষ করতে হবে !

বাপ্‌রে ! নিজের পাগড়ী ফেরত নিন !

ঐ যে চাচা চৌধুরী ভেতরে যাচ্ছে !
গিয়ে ভালু ডাকাতকে জানাতে হবে !

ভালু ! তোমার শত্রুকে আমি ঐ বাড়ীতে ঢুকতে দেখেছি !

আমি গিয়ে ওকে শেষ করে দিচ্ছি !

ইঁদুর ! গর্ত থেকে বেরোও !

তুমি আমাকে ইঁদুর বললে ?
?!

আউ উ !
খড়াক্!

তোমার মত লোকেদের জন্য আমার কাছে ভালো জায়গা আছে !
POLICE

47

কয়েদী জোলা
আমি হচ্ছি মিস্ শীনা! আমি এখনও অবিবাহিতা!
STORES
নমস্কার, মিস্ শীনা!
TEA

আমার প্রচণ্ড আশ্চর্য্য লাগছে যে, আপনার মত সুন্দরী মেয়ে এখনও অবিবাহিতা কেন?
© PRAN'S FEATURES

আসলে আমার চেঁচানো স্বভাব আছে! স্বামীর সঙ্গে পটবে কি করে?
BANK
SHOES
COMFORT

তাহলে আপনি কোন কালাকে বিয়ে করে নিন !

সেন্ট্রাল জেল
ওকে এখানেই পাব !

কয়েদী জোলার আত্মীয় আমি ! ও পোলাও খেতে ভালবাসে ! সেজন্য আমি পোলাও বানিয়ে এনেছি !

ঐ ডাকু এদিকে আছে !

তুমি ভেতরে গিয়ে ওকে খাওয়াতে পারো !

জোলা ! নাও... জেলের নকশা আর কোদাল আমি লুকিয়ে নিয়ে এসেছি !

কারও সন্দেহ হবার আগেই আমি কেটে পড়ছি !

এটা হচ্ছে আমার স্বাধীনতার ছাড়পত্র !
নকশা জানাচ্ছে যে, উত্তর দিকে মাটি খুঁড়লে আমি জেলের বাইরে বেরোতে পারব !

কোদাল তাড়াতাড়ি মাটি কাটছে !

ব্যস্... আর একটু খুঁড়লেই আমি বাইরে হব !

আমি কোথায় এলাম ?
কালকুঠুরীতে !

কাল আমার ফাঁসী হবে ! আমার পরে ইচ্ছে করলে তুমি এখানে থাকতে পারো !

এটা কি করে হল ?
তুমি নক্‌শা উল্টো করে ধরেছ... তাই ভুল রাস্তায় এসে গেছ !

বাপ্‌রে ! আমি ফিরে যাচ্ছি !

ভালোই হয়েছে, আমি ফিরে এসেছি... নয়তো ওর সাথে আমিও ফাঁসীতে ঝুলে যেতাম !

গর্ত কিসের ?
নীচে গুপ্তধন পোঁতা আছে !
আমি ভেতরে আসছি !

কোথায় ?

থ ড়্
ড়্ ড়্!

এই সুযোগ !

এখন আমি মুক্ত !

চাচা চৌধুরী ! আপনার সাহায্য চাই ! আসামী জোলা জেল থেকে পালিয়েছে !
আসামীকে দেখতে কেমন ?

এই হচ্ছে ওর ফোটো ! ওর একটা চোখ কানা !
ও নিজের জায়গায় ফিরে আসবে ! আমাকে ওখানে নিয়ে চলুন !

উত্তর দিকের ঘাসগুলো থেঁতলে গেছে ! আসামী পালাবার সময় এখানে হয়তো লাফিয়েছিল ! ওর পায়ের চিহ্নও রয়েছে !

ও ওদিকেই গেছে !

SALE 25%
অন্ধকে দান করুন !

এই নাও, এক টাকা !

দাঁড়াও... এটা অচল কয়েন !
?

LE 25%
তুমি তো অন্ধ ! তাহলে অচল কয়েন চিনলে কি করে ?

& Co.
চালাক সাজছ ? তুমি এবার মরবে !
আরশোলা !

লম্বু ! দাঁড়া... আগে তোকেই নরকে পাঠাই !
ঠাঁয়! ঠাঁয়! ঠাঁয়!

এবার আমার পালা !

ধড়াক্!

ধরা পড়ার ভয়ে ও কালো চশমা পরেছিল !